

নং-১২.০০.০০০০.০২৬.৪০.০২৬.০০৪.১০. ৩২২

তারিখ ২৩ আষাঢ় ১৪২২ বঃ  
০৭ জুলাই ২০১৫ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতা বলে জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে “CP Organic Fertilizer” নামীয় জৈব সারটির বিনির্দেশ কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন তারিখ ০২.০৪.২০০৮ এবং নং-১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ ১৪.০৩.২০১২ মোতাবেক এর উৎপাদনকারী প্রতিষ্ঠানের কারখানার ঠিকানাঃ CP Bangladesh Co. Ltd. Fulbaria,ymensingh.এর অনুকূলে রেজিস্ট্রেশন প্রদানের জন্য সরকার কর্তৃক অনুমোদন করা হইল।

২। সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এরং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তুর গায়ে লেবেল লাগাইতে হইবে। লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথাঃ-

- ক) সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে);
- খ) সারে বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার;
- গ) সারের নীট ওজন;
- ঘ) প্রস্তুতকারকের নাম ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম;
- ঙ) নিশ্চায়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);
- চ) আমদানিকারকের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর;
- ছ) উৎপাদনের তারিখ; এবং
- জ) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।”।

৩। লেবেলে কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন তারিখ ০২.০৪.২০০৮ এবং নং-১২.০২৬.০৪০.০০.০০.০০৪. ২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ ১৪.০৩.২০১২ মোতাবেক জারীকৃত বর্ণিত জৈব সারের সরকার অনুমোদিত বিনির্দেশ উল্লেখ থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ আব্দুল কাইয়ুম চৌধুরী)

সহকারী সচিব

ফোন : ৯৫৪০৯৬৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০২. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
০৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
০৫. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ঢাকা।
০৬. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারাড়ী, ফার্মগেট, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য)।
০৮. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
০৯. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
১০. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এ্যাভিনিউ, ঢাকা।
১১. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১২. মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
১৩. পরিচালক, মুক্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১৪. নিবন্ধক, পণ্য প্রতীক নিবন্ধন দপ্তর, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা।
১৫. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রনালয়(বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা।

(প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেটে প্রকাশ করার জন্য এবং গেজেটের ২০০ (দুইশত) কপি কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।

১৬. সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।

১৭. প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৮. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।

১৯. যুগ্ম-সচিব (উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।

২০. Mr. Santi Ponghaisopon, President, CP Bangladesh Co. Ltd. Fulbaria,ymensingh.